দৈনিক ইত্তেফাক

তারিখ ২৪।৬।২০০৭
পৃষ্ঠা ৬ কলাম ৫

## বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ে ৩০% মহিলা শিক্ষক কোটা পূরণ প্রসঙ্গে

বর্তমান সরকারের সিদ্ধান্ত মোতাবেক প্রতিটি বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ে ৩০% মহিলা শিক্ষকের পদ রহিয়াছে। কিন্তু অনেক ক্ষেত্রেই তাহা মানা হয় না। এমন কিছু বিদ্যালয় আছে যেখানে ছাত্রের চাইতে ছাত্রীদের সংখ্যাই অধিক। কিন্তু কোন শিক্ষিকা নাই। উদাহরণস্বরূপ রংপুর জেলার মিঠাপুকুর উপজেলাধীন নানকর দ্বিমুখী উচ্চ বিদ্যালয়ের কথা বলা যায়। এই বিদ্যালয়ে বারশত ছাত্র-ছাত্রীর অর্ধেকের বেশী ছাত্রী। কিন্তু কোন মহিলা শিক্ষক নাই। কিছুদিন হইল একটি নিয়োগ বিজ্ঞপ্তি দেওয়া হইয়াছে। পুরুষ প্রার্থীর পাশাপাশি মহিলা প্রার্থীও আবেদন করিয়াছে। এমতাবস্থায়, এখানে যাহাতে মহিলা শিক্ষকের ৩০% কোটা পূরণ করা হয়, সে ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

দীপক কুমার অধিকারী,
নানকর, মিঠাপুকুর,
রংপুর।